# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

**শৃংখলা পরিদপ্তর**
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬

**Directorate of Discipline**
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১০.১৯-১১০ তারিখঃ ০২-০২-১৪৩০ বঃ
১৬-০৫-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ কামরুল হাসান, সাবেক অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বর্তমানে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলির আদেশপ্রাপ্ত) কর্তৃক প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরের সহকারী পরিচালক জনাব মূর্শেদ সারোয়ার এর দাপ্তরিক কাজে বাধা প্রদান, অশালিন আচরণ প্রদর্শন, কম্পিউটারের ইন্টারনেট কানেকশনের তার খুলে ফেলা এবং কম্পিউটারের পাওয়ার cord খুলে কম্পিউটারটি বন্ধ করে দিয়ে এক ঔদ্ধত্যপূর্ণ কর্মকান্ড প্রদর্শন সংক্রান্ত অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও (খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১০.১৯-৪১৮ তারিখঃ ১২/১২/২০২২ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ কামরুল হাসান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডিইও এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল হতে বিরত থাকেন। তিনি লিখিত বিবৃতি দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১০.১৯-৩২ তারিখ ২২-০১-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ কামরুল হাসান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডিইও এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বেতন বর্ধন ২(দুই) বছরের জন্য স্থগিত দণ্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ কামরুল হাসান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডিইও, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলির আদেশপ্রাপ্ত) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(আ) মোতাবেক তার বেতন বর্ধন ২(দুই) বছরের জন্য স্থগিত দণ্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৬/০৫/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১০.১৯-১১০(৮) তারিখঃ ০২-০২-১৪৩০ বঃ
১৬-০৫-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. পরিচালক, কর্মচারী//হিসাব রক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর/ প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী/ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী /ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।
৬. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী/ভোলা।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮. (ক) জনাব মোঃ কামরুল হাসান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডিইও, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী/ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।
   (খ) জনাব মোঃ কামরুল হাসান,পিতা-মৃত আব্দুল মজিদ খান, গ্রামঃ উত্তর বড়গাছা, উপজেলাঃ নাটোর সদর, জেলা- নাটোর।

১৬/৫/২৩
(মুঃ নূরুল আমীন)
উপ পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৭০০৬১৬০১১

ডায়েরী নং ৫০৩ ❖ তারিখঃ ১৭/৫/২৩
প্রোগ্রামার ১/২ ❖ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ❖ নথিতে পেশ করুন
অফিস সহকারী ❖ নথিতে রাখুন
❖ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E:\Quddus\OO.Lower stage.docx15

১৬/০৫/২৩